

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২১, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ

পৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১২ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ/২৬ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৪.১৬-৭৫৯—যেহেতু, আপনি আলহাজ্ব মোঃ আব্দুল বাতেন, পিতা-মৃত জুড়ান উদ্দিন সরদার, গ্রাম-বৃশালিখা পাবনা জেলার বেড়া পৌরসভার নির্বাচিত মেয়র; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে দায়েরকৃত বেড়া (পাবনা) মডেল থানার মামলা নং-১৭, তারিখ : ২৭-০৮-২০১৫ (চার্জশীট নং-৫২ ও ৫২(ক), তারিখ : ২২-০৩-২০১৬), বেড়া (পাবনা) মডেল থানার মামলা নং-১৮, তারিখ : ২৭-০৮-২০১৫ (চার্জশীট নং-৫৩, তারিখ : ২২-০৩-২০১৬), বেড়া (পাবনা) মডেল থানার মামলা নং-২৩, তারিখ : ৩১-০৮-২০১৫ (চার্জশীট নং-৫২, তারিখ : ২২-০৩-২০১৬)-এ দাখিলীয় অভিযোগ পত্র (চার্জশীট) বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১) মোতাবেক পৌরসভার মেয়র এর বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে তাঁকে সাময়িক বরখাস্ত করার বিধান রয়েছে।

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১) মোতাবেক আপনি আলহাজ্ব মোঃ আব্দুল বাতেন, মেয়র, বেড়া পৌরসভা, পাবনাকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রউফ মিয়া  
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(১৩০০৯)

মূল্য : টাকা ৪.০০